গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জকিগঞ্জ, সিলেট।
http://zakiganj.sylhet.gov.bd

**উপজেলা এনজিও বিষয়ক কমিটির ফেব্রুয়ারী/২০১৭ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী ঃ**

সভাপতি ঃ মোঃ শহীদুল হক
উপজেলা নির্বাহী অফিসার, জকিগঞ্জ, সিলেট।
সভার তারিখ ও সময় ঃ ২৮/০২/২০১৭ খ্রি. সকাল ১১:০০ টা।
সভার স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।
সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নামের তালিকা: পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত ১৫/০১/১৭ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতপর: বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃনং | বিভাগ/এনজিও | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | ব্র্যাক | ব্র্যাক এর মাইক্রোক্রেডিট প্রোগ্রাম এর ম্যানেজার বলেন, তাঁদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জকিগঞ্জ উপজেলায় ব্র্যাক এর আওতায় মাইক্রোক্রেডিট, ওয়াশসহ অন্যান্য কার্যক্রম পরিচালিত হয়ে আসছে।<br>ব্র্যাক ওয়াশ প্রোগ্রাম এর প্রতিনিধি বলেন, এ কার্যক্রমের আওতায় গরীব ও অসহায় জনসাধারণের মধ্যে স্যানিটেশন এর ব্যবস্থা করা হয়ে থাকে। আপাতত: উপজেলার কাজলসার, জকিগঞ্জ, সুলতানপুর, কসকনকপুর ও মানিকপুর ইউনিয়নে এ কার্যক্রম পরিচালিত হচ্ছে। উক্ত কার্যক্রমের ডোনার নেদারল্যান্ড সরকার। কার্যক্রম শুরুর সময় বিনামূল্যে জনসাধারণকে স্যানিটেশন সুবিধা প্রদান করা হলেও বর্তমানে সামান্য কিছু সার্ভিস চার্জ প্রদানের শর্তে ঘূর্ণায়মান তহবিল হতে ঋণ প্রদানের মাধ্যমে তা পরিচালিত হচ্ছে। | গরীব ও অসহায় জনসাধারণকে স্যানিটেশন সুবিধা প্রদানের নিমিত্ত ঘূর্ণায়মান তহবিল হতে সহজ শর্তে ও সম্ভব হলে সুদ ব্যতিত ঋণ প্রদানের জন্য ম্যানেজার, ব্র্যাক ওয়াশ প্রোগাম, জকিগঞ্জকে অনুরোধ করা হলো। | ম্যানেজার, ব্র্যাক ওয়াশ প্রোগাম, জকিগঞ্জ। |
| ০২ | এসডিএস | উক্ত সংস্থার প্রতিনিধি জনাব মো: আব্দুল হামিদ জানান, জকিগঞ্জ উপজেলায় তাঁদের সোলারহোম সিষ্টেম কার্যক্রম পরিচালিত হচ্ছে। গরীব ও অসহায় জনগোষ্ঠীর মাঝে তাঁরা বিনামূল্যে এ সেবা দিয়ে যাচ্ছেন। উক্ত প্রকল্পের মেয়াদ দু’বছর। | গরীব ও অসহায় জনগোষ্ঠীর মাঝে বিনামূল্যে সোলারহোম সিষ্টেম কার্যক্রম পরিচালিত করায় এসডিএস সংস্থাকে ধন্যবাদ জানানো হয়। | পরিচালক, এসডিএস, জকিগঞ্জ |
| ০৩ | মুসলিম হ্যান্ডস | উক্ত সংস্থার প্রতিনিধি মুসলিম হ্যান্ডস্ এর কার্যক্রম সম্পর্কে পুরোপরি বলতে পারেন নি।<br>আগামী সভা হতে উপযুক্ত ব্যক্তিকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। | আগামী সভা হতে উপযুক্ত ব্যক্তিকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | পরিচালক, মুসলিম হ্যান্ডস্, জকিগঞ্জ। |
| ০৪ | অনির্বাণ | এ সংস্থার সেক্রেটারী জনাব মো: আব্দুছ ছুবহান বলেন, উক্ত সংস্থার আপাততঃ কোন কার্যক্রম নেই। | সংস্থাকে টিকিয়ে রাখার স্বার্থে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হলো। | সেক্রেটারী, অনির্বাণ, জকিগঞ্জ। |
| ০৫ | বিডব্লিউএইচসি | উক্ত সংস্থার প্রতিনিধি জানান, এটি এনজিও ব্যুরো কর্তৃক নিবন্ধিত। তাঁদের মূল কার্যক্রম হচ্ছে গ্রামীণ এলাকার দরিদ্র জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবায় কাজ করা। | দরিদ্র জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবায় যথাযথভাবে তা পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো। | পরিচালক, বিডব্লিউএইচসি, আটগ্রাম,জকিগঞ্জ |
| ০৬ | সীমান্তিক | উক্ত সংস্থার সূর্যের হাসি ক্লিনিক ম্যানেজার ডা: তাজ উদ্দিন বলেন, সীমান্তিক ১৯৭৯ সালে ড: আহমদ আল কবির প্রতিষ্ঠা করেন। এ সংসস্থায় মোট ২৫ টি | উক্ত কার্যক্রমসমূহ সঠিকভাবে পরিচালনা করার জন্য কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, সীমান্তিক, কালিগঞ্জ, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রকল্প চালু রয়েছে। তন্মধ্যে জকিগঞ্জ উপজেলায় ০৫টি প্রকল্প চলমান। যাথা-<br>০১। সূর্যের হাসি ক্লিনিক (স্বাস্থ সেবা)<br>০২। ঝরে পড়া শিক্ষার্থীদের ফিরিয়ে আনা<br>০৩। ভিজিডি প্রোগ্রাম<br>০৪। সীমান্তিক ইন্টারন্যাশনাল স্কুল<br>০৫। প্রজন্ম স্বাস্থ্য সেবা। | | জকিগঞ্জ। |
| ০৭ | বিবিধ | সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার সমাজসেবা অধিদপ্তর ও এনজিও প্রতিনিধিদের উদ্দেশ্য করে বলেন, এ উপজেলায় কতটি এনজিও কাজ করে, তাঁদের কি কি কার্যক্রম এবং তা সঠিকভাবে পরিচালিত হচ্ছে কি না তা অবশ্যই জানতে হবে। তাছাড়া সকল এনজিওর নাম, পরিচালকের মোবাইল নম্বর ও ইমেইল নম্বর আবশ্যক। অনিবন্ধিত বা মেয়াদোত্তীর্ণ সংস্থা থেকে থাকলে এর তালিকাও জানা দরকার।<br>তিনি আরো বলেন, যে সকল সংস্থার কার্যক্রম রয়েছে তাঁদেরকে এনজিও বিষয়ক সভায় অবশ্যই উপস্থিত হতে হবে, নতুবা কার্যক্রম চালাতে দেয়া হবে না। | উপজেলায় কতটি এনজিওর কার্যক্রম রয়েছে এবং তাঁদের কার্যক্রম কি কি ও তা সঠিকভাবে পরিচালিত হচ্ছে কি না, এনজিও সংস্থাসমূহের নাম, পরিচালকের নাম, মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর এবং অনিবন্ধিত বা মেয়াদোত্তীর্ণ সংস্থার তালিকা প্রস্তুত করত: প্রেরণের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হলো।<br>তাছাড়া, যে সকল সংস্থার কার্যক্রম রয়েছে তাঁদেরকে এনজিও বিষয়ক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় এদের কার্যক্রম বন্ধ করতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১। উপজেলা সমাজসেবা অফিসার,জকিগঞ্জ<br>২। সংশ্লিষ্ট এনজিও (সকল)। |

২৮/২/১৭

(মো: শহীদুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
জকিগঞ্জ, সিলেট।
মোবা: ০১৭৩০-৩৩১০৪০

স্মারক নং-০৫.৬০.৯১৯৪.০০০.২২.০০১.১৬- ৯১৬(২০) তারিখ ঃ ২৮/০২/১৭ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতির জন্য ।

০১। জনাব আলহাজ সেলিম উদ্দিন, মাননীয় সংসদ সদস্য, ২৩৩-সিলেট-৫।
০২। জেলা প্রশাসক, সিলেট।
০৩। জনাব ইকবাল আহমদ তাপাদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জকিগঞ্জ, সিলেট।

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। উপজেলা ...................................... কর্মকর্তা, (সংশ্লিষ্ট সকল) জকিগঞ্জ, সিলেট।
০২। চেয়ারম্যান,........................................... ইউপি (সংশ্লিষ্ট সকল), জকিগঞ্জ, সিলেট।
০৩। পরিচালক/ম্যানেজার/চেয়ারম্যান/সেক্রেটারী.........................................................., বেসরকারী সংস্থা, জকিগঞ্জ, সিলেট।
০৪। জনাব.................................................................., গ্রাম-.............................., জকিগঞ্জ, সিলেট।
০৫। অফিস কপি।

২৮/২/২০১৭

উপজেলা নির্বাহী অফিসার
জকিগঞ্জ, সিলেট